

২০১৮

বাংলা

দ্বিতীয় পত্র

পূর্ণমান : ১০০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রসন্নমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

প্রথমার্ধ

[ মান—৫০ ]

৬ নং প্রশ্ন ও আরও দুটি প্রশ্নের উত্তর দাও :

- ১। মূল ইন্দো-ইউরোপীয় ভাষাভাষীরা কোথায় বসবাস করতো ? ইন্দো-ইউরোপীয় ভাষাবংশ নামকরণের যৌক্তিকতা বিচার করো। এশিয়া মহাদেশে প্রচলিত ইন্দো-ইউরোপীয় ভাষাবংশের দুটি ভাষা-শাখার পরিচয় দাও। ৩+৩+৫+৫
- ২। প্রাচীন ভারতীয় আর্যভাষার ব্যাকরণগত বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ১৬
- ৩। মাগধী প্রাকৃত কোথায় প্রচলিত ছিল? এই প্রাকৃতের সাধারণ বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্তসহ আলোচনা করো। ১৬

(Turn Over)



৪। প্রাচীন বাংলা ভাষার ধ্বনিতত্ত্বগত ও রূপতত্ত্বগত বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

১৬

৫। টীকা লেখো (যেকোনো দুটি) :

২×৮

- (ক) শৌরসেনী প্রাকৃতের ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য,  
 (খ) কেলটিক ভাষাবংশ  
 (গ) প্রতুলিপির প্রাকৃত  
 (ঘ) ধ্রুপদী সংস্কৃত  
 (ঙ) বাংলা ভাষার অধ্বয়গত বৈশিষ্ট্য।

৬। নিম্নলিখিত যেকোনো দুটি অংশের বঙ্গানুবাদ করো এবং স্থূলাঙ্কর পদগুলির ব্যাকরণগত টীকা লেখ :

৯+৯

- (ক) হশে কুঞ্জীল আ কধোহি কহিং তত্র এশে মহালদনভাশুলে উক্লিগ্ননামক্খলে  
 লা অকীও অঙ্গুলী অএ শামাশাদিদে।  
 (খ) অথ একদিঅসম য এ লোহিদমশ্চকে খগুশো কগ্নিদে। যাব তশশ্  
 উদলভ্ন্তলে এদম মহালদন্তভাশুলম্ অংগুলীঅঅম্ পেশকামি।  
 (গ) উল্লই দব্ভকবলং সই পরিচন্তগচ্চনা মোরী  
 ওসারিঅ পণুবত্তা মুঅন্তি অংসুইংবল আও।

দ্বিতীয়ার্ধ

[ মান-৫০ ]

১২ নং প্রশ্ন ও আরোও দুটি প্রশ্নের উত্তর দাও :

- ৭। ধ্বনিমূল (phoneme) কী ? উপধ্বনি (Allophone) কী ? বৈপরীত্যমূলক অবস্থান  
 ও পরিপূরক অবস্থান কী ? ধ্বনিমূল কিভাবে নির্ণয় করা হয়। ২+২+৬+৬
- ৮। ঐতিহাসিক তুলনামূলক ভাষাচর্চার উদ্ভব ও বিকাশের ইতিহাস লেখো। ১৬
- ৯। কারক ও কাল অনুসারে বাংলা ভাষার রূপের যে বৈচিত্র্য হয়, তা আলোচনা  
 করো। ১৬
- ১০। উপভাষা কী ? সমাজভাষা ও উপভাষার পার্থক্য কোথায় ? বাংলা উপভাষার  
 বৈচিত্র্য ও বৈশিষ্ট্য আলোচনা করো। ২+২+১২
- ১১। টীকা লেখো (যেকোনো চারটি) ৪×৪
- (ক) মূলরূপ (Morpheme)  
 (খ) শ্রুতিধ্বনি ও অপিনিহিতি  
 (গ) রূপান্তরমূলক সঞ্জাননী ব্যাকরণ  
 (ঘ) অনন্যসাধারণ রূপমূল (Unique Morpheme)  
 (ঙ) ফার্দিনান্দ দ্য স্যোসুর



১২। বাংলা বর্ণমালার ধ্বনিগুলি আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার চিহ্ন দিয়ে দেখাও। রবীন্দ্রনাথের 'চোখের বালি', 'যোগাযোগ', শেষের কবিতা' ও 'মালঞ্চ' উপন্যাস — নামগুলি আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যন্তর করো।

১২+৬